তারিখ ... 05 NOV 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ... ......

প্রথম আলো

# ‘সাম্প্রদায়িক প্রশ্নের’ প্রতিবাদে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক ●

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষায় ‘সাম্প্রদায়িক বিদ্বেষমূলক প্রশ্ন’ তৈরির সঙ্গে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে তাঁদের বিচার ও শাস্তির দাবিতে গতকাল শনিবার রাজধানী ঢাকাসহ বিভিন্ন স্থানে বিক্ষোভ ও সমাবেশ হয়েছে।

ধর্মীয়-জাতিগত সংখ্যালঘুদের ১৯টি সংগঠনের সমন্বয়ে গঠিত জাতীয় সমন্বয় কমিটির উদ্যোগে রাজধানীতে বিক্ষোভ ও সমাবেশ হয়েছে জাতীয় প্রেসক্লাবের সামনে। একই কর্মসূচি পালিত হয়েছে জেলা ও বিভাগীয় শহরে।

ঢাকার প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, ২৫ অক্টোবর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ‘আই’ ইউনিটের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষা হয়। এতে থাকা একটি প্রশ্ন ছিল, ‘মুসলমান রোহিঙ্গাদের ওপর মিয়ানমারের সেনাবাহিনী ও বৌদ্ধদের হামলা কত তারিখে হয়?’ এ প্রশ্নের চারটি উত্তর রাখা হয়। আরেকটি প্রশ্ন ছিল, ‘পৃথিবীর সর্বশ্রেষ্ঠ গ্রন্থের নাম কী?’ এর উত্তরে চারটি বিকল্প রাখা হয়। সেগুলো হলো (ক) পবিত্র কোরআন শরিফ (খ) পবিত্র বাইবেল (গ) পবিত্র ইঞ্জিল (ঘ) গীতা। এর মধ্যে ‘গীতা’ ধর্মগ্রন্থের নামের আগে ‘পবিত্র’ শব্দের ব্যবহার হয়নি। প্রশ্নের উত্তরে ত্রিপিটকের নামই নেই। এ ধরনের প্রশ্ন যেকোনো সংখ্যালঘু সম্প্রদায়ের পরীক্ষার্থীর জন্য বিব্রতকর।

বক্তারা বলেন, শিক্ষাঙ্গনের সকল দায়ভার শিক্ষামন্ত্রীর। এ দায়ভার মাথায় নিয়ে হয় তিনি পদত্যাগ করবেন অথবা বিগত কয়েক বছরে শিক্ষানীতি সাম্প্রদায়িকতাকরণ থেকে শিক্ষাঙ্গনকে কলঙ্কমুক্ত করার অঙ্গীকার করবেন।

সমাবেশে বক্তব্য দেন হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের অন্যতম সভাপতি হিউবার্ট গোমেজ, পরিষদের নেতা কাজল দেবনাথ, জয়ন্ত সেন, মনীন্দ্র কুমার নাথ, নির্মল চ্যাটার্জী, বুড্ডিস্ট ফেডারেশনের সাধারণ সম্পাদক অশোক বড়ুয়া, বাংলাদেশ খ্রিষ্টান অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক নির্মল রোজারিও প্রমুখ।